



## ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

বাংলাবাজার, ভোলা।

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)



Website: pbs.bhola.gov.bd, E-mail: bhopbs@gmail.com. Mobile: 01769-400014

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫০৪.০০২.০১৩.২০. ৫৭৪

তারিখঃ

২৫ মাঘ, ১৪২৭ বঃ

০৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ

### আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ওয়ারিং পরিদর্শকগণের মধ্য হতে পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত -২০১২ খ্রিঃ) এবং সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী কর্মচারীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত ( A4 সাইজের কাগজে) আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	পাওয়ার ইউজ-কো অর্ডিনেটর/ সদস্য সেবা কো-অর্ডিনেটর	(ক) ওয়ারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ১০ (দশ) বছর কাজের অভিজ্ঞতা/ দক্ষতা থাকতে হবে। অথবা, ডিপ্লোমা ইন-ইলেকট্রিক্যাল/ পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়ারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা/ দক্ষতা থাকতে হবে। (খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণ ও <b>বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।</b> (গ) ওয়ারিং সংক্রান্ত মালামাল ও প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে। (ঘ) দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে। (ঙ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং পৃথকভাবে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। (চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির সকল শর্ত পূরণ হতে হবে।

### শর্তাবলীঃ

- আবেদনকারীকে **খামের উপর পদের নাম** উল্লেখ করে সাদা কাগজে (A4 সাইজের কাগজে) স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী **২২/০২/২০২১ খ্রিঃ** তারিখ, **রোজ সোমবার** সকাল **১১.০০ ঘটিকায়** স্ব-শরীরে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বাংলাবাজার, ভোলা এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- আবেদন পত্রের সহিত নিম্নে বর্ণিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়ন পূর্বক আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ**
  - সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি।
  - সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ফটোকপি।
  - শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি।
  - জাতীয় পরিচয় পত্র ও ইউনিয়ন পরিষদ/ পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের ফটোকপি।
  - চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি।
  - পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
  - প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্র।
  - সর্বশেষ ০৩(তিন) বছরের ভিতর কোন গুরুদণ্ড প্রাপ্ত নন, সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে কোন লঘু দণ্ড প্রাপ্ত নন, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদণ্ড প্রাপ্ত নন, বিগত ০৪ (চার) বৎসরের ভিতর ০১ বার গুরুদণ্ড ও ০১ বার লঘু দণ্ড প্রাপ্ত নন, বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একের অধিকবার লঘুদণ্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র।
  - হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি।

